যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-২
মনিরামপুর, যশোর।

ফোনঃ ০২৪৭৭৭৬৪৯০৬ (অফিস), E-mail:jessorepbs2@yahoo.com, Web: pbs2.jessore.gov.bd

স্মারক নং-২৭.১২.৪১৬১.৫১১.০৯.০৩৫.২০২৩. ৩৫২১

তারিখঃ ১৫ ফাল্গুন' ১৪২৯ বঙ্গাব্দ
২৮ ফেব্রুয়ারী' ২০২৩ খ্রিষ্টাব্দ

মেসার্স-----------------------------------

------------------------------------------

------------------------------------------

**বিষয়ঃ মিনি ঠিকাদারী প্রতিষ্ঠানের লোকবলের প্রশিক্ষণ কর্মসূচী প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, অত্র সমিতির সদর দপ্তরের প্রশিক্ষণ রুমে আগামী ১১-০৩-২০২৩ খ্রিঃ হতে মিনি ঠিকাদারী প্রতিষ্ঠানের লোকবলের (সুপারভাইজার/ লাইনম্যান) ''পবিস বিতরণ লাইন নির্মান (টিসি-২৪০)'' শীর্ষক প্রশিক্ষণ কোর্সের আয়োজন করা হয়েছে। নিম্নোক্ত শর্ত স্বাপেক্ষে আগ্রহী মিনি ঠিকাদার প্রতিষ্ঠান সমূহকে নির্ধারিত তারিখের মধ্যে আবেদনসহ মনোনীত সুপারভাইজার ও লাইনম্যান-কে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

**শর্তবালীঃ-**

০১॥ ক্লাইম্বিং কাজে অসামর্থ প্রশিণার্থী প্রশিক্ষণ গ্রহণে অযোগ্য বিবেচিত হবেন।

০২॥ প্রত্যেক প্রশিণার্থীর প্রশিক্ষণ ফি বাবদ ৪,০০০.০০ (চার হাজার) টাকা ব্যাংক ড্রাফট/পে-অর্ডার/নগদ ''যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর অনুকূলে আগামী ০৭-০৩-২০২৩ ইং তারিখের মধ্যে জমা দিতে হবে।

০৩॥ প্রশিণার্থীগণ প্রশিক্ষণ পরিদপ্তর কর্তৃক প্রেরিত ফরম নং- প্রপফ-০২৯-০০১, ভার্সন-২, তারিখ ২৬/১১/২০১৩ খ্রিঃ ''Trainee's Personal Data Form'' আয়োজনকারী পবিস হতে সংগ্রহ পূর্বক যথাযথভাবে পূরণ করে আগামী ০৭-০৩-২০২৩ খ্রিঃ তারিখের মধ্যে যশোর পবিস-২ এ জমা প্রদান করতে হবে।

০৪॥ প্রশিণার্থীকে প্রতিষ্ঠানের সত্তাধিকারী কর্তৃক পাসপোর্ট সাইজের তিন কপি এবং স্ট্যাম্প সাইজের এক কপি রঙ্গিন ছবি ও ''Trainee's Personal Data Form'' এর সঙ্গে জমা দিতে হবে।

০৫॥ প্রশিক্ষণে অংশগ্রহণকারী ঠিকাদারী প্রতিষ্ঠানের লোকজনকে অবশ্যই ডাক্তার কর্তৃক শারীরিক সক্ষমতার সার্টিফিকেট সংগ্রহ পূর্বক জমা প্রদান করতে হবে।

০৬॥ অংশগ্রহণকারী প্রতিটি প্রতিষ্ঠান-কে বাপবিবোর্ড কর্তৃক তালিকাভূক্তির অনুমোদনপত্র জমা দিতে হবে।

০৭॥ সুপারভাইজার পদে প্রশিক্ষণের জন্য এইচএসসি অথবা যে কোন বিভাগে ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিং পাশের সনদ এর মূল ও সত্যায়িত কপি সঙ্গে আনতে হবে।

০৮॥ লাইনম্যান পদে প্রশিক্ষণের জন্য সর্বনিম্ন অষ্টম/জেএসসি/সমমান পাশের মূল ও সত্যায়িত কপি সঙ্গে আনতে হবে।

০৯॥ প্রশিক্ষনার্থী-কে জন্ম সনদের মূল ও সত্যায়িত কপি অথবা ইউনিয়ন পরিষদ/পৌরসভা চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ আনতে হবে।

১০॥ প্রশিক্ষণার্থী-কে জাতীয় পরিচয় পত্রের মূল ও সত্যায়িত কপি সঙ্গে আনতে হবে (যদি থাকে)।

১১॥ প্রশিক্ষণার্থী-কে বয়স কোর্স শুরুর তারিখ সর্বনিম্ন ১৮ (আঠার) বৎসর হতে হবে।

১২॥ কোন প্রশিক্ষণার্থী একাধিক প্রতিষ্টানে কিংবা একই প্রতিষ্ঠানের একাধিক প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ করতে পারবেন না।

১৩॥ প্রশিক্ষণার্থীর আবেদন পত্রের ক্রমিক নং-০৪ এ উল্লেখিত সাইজের ছবি এঁটে দিয়ে এমনভাবে কোর্স আয়োজনকারী প্রতিষ্ঠানের গোল সীল মারতে হবে যাতে সীলের ছাপের অর্ধেক অংশ আবেদন পত্রের উপর এবং অবশিষ্ট অংশ ছবির উপরের কর্ণারে থাকে। একই প্রক্রিয়ায় কোর্সের সমন্বয়কারী ছবির নিচে কর্ণারে তার নাম যুক্ত সীল প্রদান করবেন। এক্ষেত্রে স্বাক্ষর ও সীল ছাপের অর্ধেক অংশ আবেদন পত্রের এবং অবশিষ্ট অর্ধেক অংশ ছবির নিচে কর্ণারে থাকে।

১৪॥ কাঠের ও এসপিসি পোলে আরোহণ এবং অনুশীলনের জন্য বুট জুতা ও ক্লাইম্বার সেটসহ কোর্স শুরুর দিন সকাল ০৯:০০ ঘটিকায় প্রশিক্ষণার্থীগণের নির্ধারিত প্রশিক্ষণ স্থলে উপস্থিত থাকতে হবে।

১৫॥ কোন প্রশিক্ষণার্থী একাধিক পদে প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ করতে পারবে না। তবে এসএসসি অথবা সমমান পরীক্ষার পাশ এবং লাইনম্যান পদে কৃতকার্য হলে সুপারভাইজার পদে প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ করতে পারবেন। সুপারভাইজার হিস্বেবে কৃতকার্য হলে লাইনম্যান হিসাবে প্রাপ্ত সনদ বাপবোর্ডে ফেরৎ দিতে হবে। তথ্য গোপনকারী প্রশিক্ষণার্থীর সনদ বাতিল করাসহ আইনুনাগ ব্যবস্থা গ্রহণ করা হবে। এছাড়াও আবেদন সংখ্যা অধিক হলে একই ঠিকাদারী প্রতিষ্ঠানের একই পদের বিপরীতে একাধিক প্রশিক্ষণার্থীর প্রশিক্ষণের বিষয়টি বিবেচনা করা হবে না। তবে প্রশিক্ষণার্থীর সংখ্যা কম হলে বিষয়টি বিবেচনা করা যেতে পারে।

চলমান পাতা-০২

১৬॥ প্রশিক্ষণে অংশগ্রহণকারী লোকবলের থাকা খাওয়া সংক্রান্ত যাবতীয় ব্যবস্থাপনাসহ সমস্ত ব্যয়ভার ঠিকাদারী প্রতিষ্ঠান-কে বহন করতে হবে। এ ব্যাপারে পবিস/বাপবিবোর্ড কর্তৃক কোন প্রকার টিএ/ডি প্রদান করা হবে না।

১৭॥ প্রশিক্ষণকালীন প্রশিক্ষণার্থীর কোন প্রকার দুর্ঘটনা ঘটলে প্রশিক্ষণ কোর্স আয়োজনকারী প্রতিষ্ঠান কোন দায়-দায়িত্ব বহন করবেন না।

১৮॥ প্রশিক্ষন শুরু হওয়ার কমপক্ষে ০৭ (সাত) দিন আগে অত্র অফিসে যাবতীয় ফাইল জমা প্রদান করতে হবে।

১৯॥ প্রশিক্ষণ শুরুর প্রথম দিন মূল কাগজপত্র সঙ্গে নিয়ে আসতে হবে।

২০॥ উপরে উল্লেখিত শর্তাবলী ছাড়াও নতুন কোন সমস্যার সৃষ্টি হলে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চুড়ান্ত বলে গণ্য হবে।

২১॥ যশোর পবিস-২ এর কাজের স্বার্থে অত্র পবিসে ইনলিসটেড ঠিকাদারী প্রতিষ্ঠান সমূহ উক্ত পশিক্ষণে আবেদনের বিপরীতে অগ্রাধিকার প্রাপ্ত হবে।

২৮/০২/২৬

( প্রকৌঃ মনোহর কুমার বিশ্বাস )
সিনিয়র জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ- (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়-সদয় অবগতির জন্য)

০১। প্রধান প্রকৌশলী (প্রকল্প), বাপবিবো, ঢাকা।
০২। পরিচালক, প্রশিক্ষণ পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, যশোর জোন, বাপবিবো, যশোর।
০৪। নির্বাহী প্রকৌশলী (এসওডি), বাপবিবো, যশোর।
০৫। সিনিয়র জেনারেল ম্যানেজার/ জেনারেল ম্যানেজার, -----------পবিস-১/২/৩/৪।
০৬। একান্ত সচিব, সদস্য (পিএন্ডডি/ডিএন্ডও), বাপবিবো, ঢাকা।
০৭। ডিজিএম (কারিগরী-সদর)/কেশবপুর/নওয়াপাড়া/নড়াইল/কালিয়া/লক্ষীপাশা, জোনাল অফিস, যশোর পবিস-২।
০৮। এজিএম (প্রশাসন/ইএন্ডসি/এমএস/অর্থ-হিসাব/রাজস্ব), সদর দপ্তর, যশোর পবিস-২।
০৯। এজিএম (ওএন্ডএম), সদর/রাজগঞ্জ/সাগরদাড়ী, সাব-জোনাল অফিস, যশোর পবিস-২।
১০। প্রকল্প প্রকৌশলী, মেসার্স-----------------------------লিঃ, যশোর পবিস-২।
১১। নোটিশ বোর্ড/ ওয়েব সাইট, যশোর পবিস-২।
১২। অফিস/ মাষ্টার কপি।

২৫/২/২৬

( খন্দকার মোঃ ফিরোজ কবির )
এজিএম (ওএন্ডএম-সদর)